# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 APRIL 2025 7:45—7:55 PM**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ রাত সাড়ে আটটায় জাতির উদ্দেশ্যে ভাষণ ।

২) সংসদের উভয় সভার কাজকর্ম অনির্দিষ্টকালের জন্য স্থগিত।

৩। কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের মহার্ঘ্যভাতা এবং পেন্সনার্সদের মহার্ঘ্য সহায়তার অতিরিক্ত কিস্তি মঞ্জুর করার প্রস্তাবে কেন্দ্রীয় সরকারের অনুমোদন ।

এবং

৪) চিরাং জেলার রুণিখাতায় সংঘঠিত হিংসাত্মক ঘটনার পর অঞ্চলটির পরিস্থিতি নিয়ন্ত্রণে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাত সাড়ে আটটায় জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন ।লোকসভা এবং বিধানসভায় মহিলাদের জন্য আসন সংরক্ষণের সঙ্গে জড়িত সংবিধান সংশোধনী বিল বিরোধী দলগুলির সমর্থন লাভ না করায় তথা দুই - তৃতীয়াংশ সংখ্যা গড়িষ্ঠতায় বিলটি গৃহীত না হওয়ার একদিন পর প্রধানমন্ত্রীর এই ভাষণ বিশেষ তাৎপর্যপূর্ণ হিসেবে বিবেচিত হচ্ছে । সমষ্টির সীমা পুনর নির্ধারণের মাধ্যমে মহিলাদের জন্য আসন সংরক্ষণ ব্যবস্থা বলবৎ করার সঙ্গে জড়িত প্রস্তাবিত বিলটি নিয়ে সুদীর্ঘ বিতর্কের পরেও বিলটি উভয় সভার অনুমোদন লাভ করতে ব্যর্থ হয়েছে ।

---

সংসদের উভয় সভার কাজকর্ম আজ অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হয়েছে ।এর সঙ্গে সঙ্গে গত ২৮ শে জানুয়ারী থেকে শুরু হওয়া সংসদের বাজেট অধিবেশনও আজ সমাপ্ত হয়েছে ।অধিবেশনের অন্তিম দিনে লোকসভার অধ্যক্ষ ওম বিরলা বলেন যে বাজেট অধিবেশনে সংসদে ৯৩ শতাংশ কাজ ফলপ্রসু হয়েছে ।লোকসভায় এই অধিবেশনের সময় মোট ৩১ টি বৈঠক অনুষ্ঠিত হয়েছে এবং সরকার মোট ১২ টি বিল উত্থাপন করেছে । এরমধ্যে ৯ টি বিল সভায় গৃহীত হয়েছে বলে তিনি জানান ।এই বিলগুলোর মধ্যে অর্থবিল ২০২৬ , দ্বিধাহীনতা এবং দেউলীয়া সংহিতা সংশোধনী বিল ২০২৫ , জনবিন্যাস বিধান সংশোধনী বিল ২০২৬ অন্যতম ।

বাইট

রাজ্যসভায় আজ বিদায়ী ভাষণে সভাপতি সি পি রাধাকৃষ্ণণ বলেন যে বাজেট অধিবেশনে রাজ্যসভায় ১৫৭ ঘন্টার ও বেশী কাজকর্ম সম্পন্ন হয়েছে ।

---

কেন্দ্রীয় মন্ত্রীসভা পয়লা জানুয়ারী থেকে প্রযোজ্য কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের মহার্ঘ্য ভাতা ও পেনশনারদের মহার্ঘ্য সহায়তার অতিরিক্ত কিস্তি মঞ্জুর করার প্রস্তাবে অনুমোদন জানিয়েছে । কর্মচারী ও পেনশনারদের মূল্যবৃদ্ধি থেকে স্বস্তি দেবার উদ্দেশ্যে মহার্ঘ্য ভাতা বর্তমানের ৫৮ শতাংশ থেকে ৬০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে ।

নতুন দিল্লীতে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকের শেষে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেন যে মহার্ঘ্য ভাতা ও পেনশনারদের মহার্ঘ্য সহায়তা বৃদ্ধির এই সিদ্ধান্তের ফলে সরকারী কোষাগারের ওপর বছরে ছয় হাজার ৭৯১ কোটি টাকার বোঝা হবে । এই সিদ্ধান্তে ৫০ লক্ষেরও অধিক কেন্দ্রীয় কর্মচারী ও ৬৮ লক্ষেরও অধিক পেনশনভোগী উপকৃত হবেন বলে মন্ত্রী উল্লেখ করেন । শ্রী বৈষ্ণো বলেন যে মন্ত্রীসভা প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার তৃতীয় পর্যায় ২০২৮ মার্চ পর্যন্ত অব্যাহত রাখতে অনুমোদন দিয়েছে । এছাড়া মন্ত্রীসভা সমতল এলাকার পথ ও সেতু নির্মাণের সময়সীমা ২০২৮ সালের মার্চ পর্যন্ত এবং পার্বত্য এলাকার পথ নির্মাণের সময়সীমা ২০২৯ সালের মার্চ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাবে অনুমোদন জানিয়েছে বলেও তিনি উল্লেখ করেন ।

--------------------------------------------------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব ঐতিহ্য দিবস ।বিশ্বের বিভিন্ন প্রান্তের সাংস্কৃতিক এবং প্রাকৃতিক ঐতিহ্যের সংরক্ষণের প্রতি সম্মান প্রদর্শন তথা সচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে প্রতি বছর ১৮ এপ্রিল এই দিবস পালন করা হয় ।এই দিনটি কীর্তি চিহ্ন এবং ঐতিহ্যবাহী স্থান সমুহের দিন হিসেবেও জানা যায় ।এবছর এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে -'সংঘাত এবং দূর্যোগপূর্ণ সময়ের প্রেক্ষাপটে ঐতিহ্যবাহী সম্পদ সমুহের প্রতি জরুরীকালীন সহায়তা প্রদান '।ভারতীয় পুরাতত্ব জরীপ বিভাগ এর অধীনে দেশের বিভিন্ন প্রান্তের কীর্তি চিহ্ন তথা স্থানগুলিতে আজ জনসাধারণের জন্য প্রবেশ অবাধ করেছে ।উত্তরপূর্ব মন্ডল সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে এবং নির্বাকের সহযোগিতায় আজ গুয়াহাটীর কামাখ্যা মন্দির প্রাঙ্গনে এই দিবস উপলক্ষে নানা কার্যসূচীর আয়োজন করা হয় ।

--------------------------------------------------------------------------------------------------------------------------------

চিরাং জেলার রুণিখাতায় গতকাল সংঘঠিত হিংসাত্মক ঘটনার পর আজ অঞ্চলটির পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে । জেলার প্রবিণ পুলিশ সুপার মোহনলাল মিনা জানিয়েছেন যে এই ঘটনায় জড়িত ১৫ জন লোককে আটক করা হয়েছে । পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর ইন্টারনেট সেবা পুনরায় বহাল করা হবে বলে পুলিশ সুপার জানান । উল্লেখ্য চিরাংয়ের ভারত ভূটান সীমান্তের রুণীখাতার সংরক্ষিত বনাঞ্চলের কার্যালয়ে ভূমি দখল করার অভিযোগে বন বিভাগের আধিকারীক কর্মচারীরা বেশ কয়েকজন লোককে আটক করার ঘটনার পরিপ্রেক্ষিতে গতকাল উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি হয়েছিল । আটক করা লোকেদের ছেড়ে দেবার দাবী জানিয়ে একাংশ লোক বন বিভাগের কার্যালয়ে সমবেত হয়ে প্রতিবাদ সাব্যস্ত করে । অভিযোগ অনুযায়ি বনবিভাগের লোকেরা প্রতিবাদ নিয়ন্ত্রণ করার চেষ্টা করলে বেশ কয়েকজন মহিলা আহত হন । এরপর প্রতিবাদকারীরা অধিক উত্তেজিত হয়ে কার্যালয়ের সরকারি গাড়ী সহ কর্মচারীর গাড়ীতে অগ্নিসংযোগ করে এছাড়া ১২৭ নম্বর ভারত ভূটান সংযোগী জাতীয় সড়ক অবরোধ করে । পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পুলিশ কাঁদানে গ্যাস ছোড়ে ।আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে । আইন শৃঙ্খলা পরিস্থিতি যাতে অধিক অবনত না হয় তার জন্য চিরাং এবং কোকরাঝার জেলায় ইন্টারনেট সেবা কর্তন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------------------------------------------------------

মণিপুর সরকার রাজ্যটির আইন শৃঙ্খলা পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে ৫ টি উপত্যকা জেলা পশ্চিম ইম্ফাল , পূর্ব ইম্ফাল , কাকচিং , থৌবাল এবং বিষ্ণুপুরে মোবাইল ইন্টারনেট সেবা বন্ধ রাখার সিদ্ধান্ত প্রত্যাহার করেছে ।

উল্লেখ্য রাজ্যের বিষ্ণুপুর জেলার ট্রংলাওবি গ্রামের একটি পরিবারের বাসগৃহে গত ৬ এপ্রিল অজ্ঞাতপরিচয় দুষ্কৃতকারীদের বোমা হামলায় দুটি শিশুর মৃত্যু হওয়ার পর রাজ্যে প্রতিবাদমুখর পরিস্থিতির সৃষ্টি হয় । এরপর একাংশ প্রতিবাদকারী মণিপুরের জাতীয় সড়ক ও রাজ্য সড়কগুলিতে অবরোধ গড়ে তুলে । এই ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্যের গৃহ বিভাগ মণিপুরে মোবাইল ডাটা তথা ইন্টারনেট সেবা সাময়িক বন্ধ রাখার কথা ঘোষণা করে ।

--------------------------------------------------------------------------------------------------------------------------------

চলতি বছরের হজযাত্রা আজ থেকে আরম্ভ হবে বলে উত্তর-পূর্ব হজযাত্রা অভ্যর্থনা সমিতি ঘোষনা করেছে । আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের মোট দুই হাজার ৫৬৯ জন হজযাত্রী এই যাত্রার জন্য রওয়ানা হবেন । এরমধ্যে এক হাজার ৭৬৩ জন পুরুষ ও ৮০৬ জন মহিলা হজযাত্রী রয়েছেন । উত্তর-পূর্ব হজযাত্রী অভ্যর্থনা সমিতির সবাপতি নেকিবুর জামান গৌহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বলেন যে আজ থেকে আগামী ২১ শে এপ্রিল পর্যন্ত পর্যায়ক্রমে যাত্রীরা মক্কা ও মদিনাতে যাবেন ।

এদিকে চারধাম যাত্রার অফলাইন পঞ্জীয়ন গতকাল থেকে আরম্ভ হয়েছে এবং ২৭১৩ জন তীর্থযাত্রী প্রথম দিনই যাত্রার জন্য পঞ্জীয়ন করেছেন বলে সরকারী সূত্রে জানানো হয়েছে। উল্লেখ্য, অনলাইন পঞ্জীয়ন গত ৬ ই মার্চ থেকে চলছে। এ পর্যন্ত প্রায় ১৮ লক্ষ ২৩ হাজার তীর্থযাত্রী যাত্রার জন্য ডিজিট্যাল পদ্ধতিতে পঞ্জীয়ন করেছেন।

--------------------------------------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার বন্দুকমারা গ্রামে ১৬ বছরের এক কিশোরীর মৃত্যুকে কেন্দ্র করে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে । মৃত কিশোরীর নাম সুমনা বেগম বড়ভুঁইয়া । এটি কোনো স্বাভাবিক মৃত্যু নয় বলে পরিবারের পক্ষ থেকে দায়ের করা মামলার পরিপ্রেক্ষিতে আদালত ঘটনার গুরুত্ব

বিবেচনা করে গতকাল কবর থেকে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের পুলিশকে নির্দেশ দেয় । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------------------------------------------

কলকাতার সেন্টার ফর এডুকেশন এন্ড এন্টারপ্রেনিউয়ারশিপ এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল ইঞ্জিনিয়ার্স ট্রেনিং ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে কলকাতার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আয়োজিত আন্তর্জাতিক সম্মেলনে এড়ালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় কলেজের অধ্যক্ষা ডঃ জয়শ্রী চক্রবর্তীকে ওম্যান এমপাওয়ারমেন্ট পুরস্কার প্রদান করা হয় । সম্মেলনে তিনি ওম্যান এমপাওরমেন্ট শীর্ষক বক্তৃতা ও প্রদান করেন ।

-----------------------------------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার নিলামবাজারে আগামীকাল রুদ্রাক্ষ সোসিয়েল ও কালচারেল অর্গানাইজেশন এর উদ্যোগে বিনামূল্যে একটি চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে । আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে আগামীকাল সকাল ১০ টা থেকে দুপুর দুটো পর্যন্ত নিলামবাজারে স্টেট ব্যাঙ্কের নিকটে অবস্থিত রুদ্রাক্ষ কার্যালয়ে এই শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে বিশেষজ্ঞ চিকিৎসকদের মাধ্যমে সম্পূর্ণ বিনামুল্যে চোখের পরীক্ষা করা হবে এবং প্রয়োজনীয় চিকিৎসা পরামর্শ প্রদান করা হবে ।

-----------------------------------------------------------------------------------------------------------------------------

সোনাপুরের অসম ডনবক্স বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত অষ্টম পুরুষ-মহিলা জাতীয় যুব বক্সিং চ্যাম্পিয়নশিপে আসামের দুটি পদক নিশ্চিত হয়েছে । আসামের সন্দীপ বসুমাতারী ও নিকশিতা কোঁয়র সেমিফাইনালে প্রবেশ করেছে এবং রাজ্যের জন্য পদক নিশ্চিত করেছে । সন্দীপ বসুমাতারী ছেলেদের ৮০ কিলোগ্রাম ওজন শাখার কোয়ার্টার ফাইনালে উত্তরাখন্ডের বক্সারকে পরাজিত করে সেমিফাইনালে স্থান নিশ্চিত করেছে । একইভাবে নিকশিতা মেয়েদের ৬৫ কিলোগ্রাম ওজন শাখার কোয়ার্টার ফাইনালে মণিপুরের প্রতিদ্বন্দীকে ৩-২ ফলাফলে পরাজিত করে । আসামের মোট পাঁচ জন বক্সার কোয়ার্টার ফাইনালে প্রবেশ করলেও তিন জন পরাজয়ের সম্মুখীন হয়ে প্রতিযোগীতা থেকে বেরিয়ে যায় । তবে কোয়ার্টার ফাইনালে প্রবেশ করার সুবাদে সব খেলোয়ার আসন্ন খেলো ইন্ডিয়া যুব ক্রীড়া মহোৎসবে খেলার যোগ্যতা অর্জন করেছে ।

-----------------------------------------------------------------------------------------------------------------------------